

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ খ্রি. ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত ০৩ (তিন) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নিম্নোক্ত শ্রেণির শূন্য আসনের বিপরীতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা

ক্রমিক নং	বিদ্যালয়ের নাম	শ্রেণি	শ্রেণিওয়ারী শূন্য আসন সংখ্যা			মন্তব্য
			প্রভাতী	দিবা	মোট	
০১	ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ	৩য়	৬৮	৭০	১৩৮	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে।
		৬ষ্ঠ	৬৬	৬৭	১৩৩	
০২	বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ	৪র্থ	১৩৯	১৩৭	২৭৬	
০৩	গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ	১ম	৫৮ (বালিকা)	৫৮ (বালক)	১১৬	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে।
		৬ষ্ঠ	৬০ (বালিকা)	৬০ (বালক)	১২০	

ভর্তি পরীক্ষার আবেদন অনলাইনে পূরণ করতে হবে। বিদ্যালয় থেকে কোন ফরম বিতরণ করা হবে না। অনলাইনে ভর্তি ফরম পূরণ করে স্বয়ংক্রিয়ভাবে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। <https://gsa.teletalk.com.bd> ওয়েব সাইটে অনলাইনে ভর্তির আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও আবেদনের নিয়মাবলী জানা যাবে।

- ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট : www.mzs.edu.bd
- বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ এর ওয়েবসাইট : www.sib.gov.bd
- গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট : www.sib.gov.bd

অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ ও সময়:

অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান শুরু তারিখ ১৬/১১/২০২২ খ্রি: সকাল ১১:০০ টা

অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শেষ তারিখ ০৬/১২/২০২২ খ্রি: বিকাল ০৫.০০ টা এবং শুধু মাত্র User Id প্রাপ্ত আবেদনকারীরা ০৬/১২/২০২২ খ্রি. রাত ১২:০০ টা পর্যন্ত টেলিটকের মাধ্যমে ফি প্রদান করতে পারবে।

অনলাইনে <https://gsa.teletalk.com.bd> তে আবেদন ফরম পূরণ করা যাবে। আবেদন ফি : ১১০/- (একশত দশ টাকা)।

ভর্তি পরীক্ষার লটারির তারিখ:

- আগামি ১০/১২/২০২২ খ্রি: তারিখে অনলাইনের মাধ্যমে সারাদেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন করা হবে।

শর্তাবলী :

- ১। জাতীয় শিক্ষানীতি ২০১০ খ্রি. অনুযায়ী ১ম শ্রেণিতে ০১/০১/২০২৩ খ্রি: তারিখে সর্বনিম্ন বয়স হবে ৬⁺ বছর হতে হবে।
- ২। অনলাইনে আবেদন ফরম পূরণের সময় শিক্ষার্থীর জন্ম তারিখ, নাম ও নামের বানান, পিতা-মাতার নাম ও নামের বানান সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরবর্তীতে এ ধরনের পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
- ৩। ভর্তির সময় অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ৪। একই বিদ্যালয়ের একই শিফটে ও একই শ্রেণিতে একাধিকবার আবেদন করা যাবে না।
- ৫। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী www.dshe.gov.bd এর নোটিশ বোর্ড হতে জানা যাবে।

স্বাক্ষরিত
(মোহছিনা খাতুন)
সদস্য সচিব
জেলা পর্যায়ে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে
ভর্তি কমিটি
ও
প্রধান শিক্ষক
ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ।